একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩-৯৫

তারিখ: ০৬ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর, ২০২৩খ্রি.

## ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমে সরকারি প্রতিষ্ঠানসমূহে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে সরকারি প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক শিক্ষাক্রমে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের ১ম পর্বের প্রাতিষ্ঠানিক ভর্তি কার্যক্রম **২৫ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. হতে ০২ অক্টোবর, ২০২৩ খ্রি.** তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের নামের তালিকাসহ প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে **২৪ সেপ্টেম্বর, ২০২৩খ্রি. তারিখে** www.btebadmission.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে কলেজ লগ ইন এর মাধ্যমে Confirmed list download এ অন্তর্ভুক্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য বিবেচিত হবে। শিক্ষার্থীর তালিকায় উল্লেখিত সকল তথ্যাদি সঠিকভাবে মিলিয়ে নিতে হবে। কোন প্রকার অসংগতি পেলে তা সংশোধন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট সকলকে ভর্তির সময় নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১. **ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় সাধারণ নির্দেশাবলী:**

১.১ ভর্তি ফরম (সংযুক্তি-১) শিক্ষার্থী কর্তৃক স্ব-হস্তে পূরণ করে অত্র প্রতিষ্ঠানে জমা রাখতে হবে;

১.২ ভর্তির সময় শিক্ষার্থীদের অবশ্যই মূল নম্বরপত্র জমা নিতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় মূল নম্বরপত্র কারিগরি শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে। উল্লেখ্য কোন শিক্ষার্থী বোর্ড হতে মূল নম্বরপত্র না পেলে এসএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও মূল প্রবেশপত্র জমাসাপেক্ষে সাময়িকভাবে ভর্তি হতে পারবে। তবে বোর্ড কর্তৃক মূল নম্বরপত্র পাওয়া মাত্রই প্রতিষ্ঠানে জমা দিতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে;

১.৩ শিক্ষার্থীদের পাসপোর্ট সাইজের (০৩) কপি সত্যায়িত রঙ্গিন ছবি জমা ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদেয় প্রশংসাপত্রের ফটোকপি জমা নিতে হবে;

১.৪ কোটায় ভর্তির ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়টি শতভাগ নিশ্চিত হয়ে শিক্ষার্থী ভর্তি করতে হবে। কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল সনদ দেখে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা -১২০৭, বরাবর বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। এবং রেজিস্ট্রেশনের সময় মূল সনদ কারিগরি শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে। সনদ অসত্য প্রমাণিত হলে উক্ত শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

০২. **ভর্তির ক্ষেত্রে কোটা যাচাই সংক্রান্ত নির্দেশাবলী (প্রযোজ্য ক্ষেত্রে):**

২.১ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র;

২.২ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কাউন্সিলর কর্তৃক সম্পর্ক সনদ দাখিল করতে হবে;

২.৩ শিক্ষা মন্ত্রণালয়াধীন কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তারাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারির সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের / অধিদপ্তর/দপ্তর/ প্রতিষ্ঠান প্রধানের সনদপত্র;

২.৪ বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র/পরিচয়পত্র জমা দিতে হবে।

০৩. **ভর্তি ফি:** শিক্ষার্থী প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিরীক্ষা অধিশাখা স্মারক নং ৩৭.০১.৩০৮০.১৮৭.১৪.২১.২০১৭-৯৫ তারিখ-৩০ আগস্ট ২০১৭ মোতাবেক/ সংশ্লিষ্ট অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক শিক্ষার্থী প্রতি মোট ভর্তি ফি রশিদের মাধ্যমে আদায় করতে হবে। উল্লেখ্য যে, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে শিক্ষার্থীদের নিশ্চায়নকালে শিক্ষার্থী প্রতি ৩৯৫ টাকা গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে রেজিস্ট্রেশন ফি ২০০ টাকা (বোর্ডের প্রাপ্য), রোভার স্কাউট ফি ১৫ টাকা ও রেডক্রিসেন্ট ফি ২০ টাকাসহ মোট ৩৫ টাকা (সংশ্লিষ্ট সংস্থা প্রাপ্য)। অবশিষ্ট ১৫৫ টাকা (ম্যাগাজিন ফি ২৫ টাকা, ধর্মীয় তহবিল ২৫ টাকা, বেতন ৬০ টাকা, ভর্তি ফি ১০ টাকা, কল্যান তহবিল ২০ টাকা ও রোভার স্কাউট ফি ১৫ টাকা) বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে বিধায় বর্ণিত ফি পুনরায় গ্রহণ করার প্রয়োজন নেই। বিষয়টি ভর্তি নীতিমালা, ২০২৩ এর ১০.১.২-এ বিস্তারিত রয়েছে।

বর্ণিত সময়ের মধ্যে প্রাতিষ্ঠানিক ভর্তি কার্যক্রম সম্পূর্ণ করতে ব্যর্থ শিক্ষার্থীর নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে এবং ০৩/১০/২০২৩খ্রি. (মঙ্গলবার) সকাল ৯.০০ ঘটিকা থেকে ০৪/১০/২০২৩ (বুধবার) রাত ৯.০০ ঘটিকার মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক ভর্তির ওয়েবসাইট লিংকের মাধ্যমে শিক্ষার্থীর অনুপস্থিত তালিকা প্রেরণ করতে হবে। অনুপস্থিত তালিকা প্রেরণের পূর্বে শিক্ষার্থীর প্রদেয় মোবাইল নম্বরে যোগাযোগ করে ভর্তির বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা হল। অনুপস্থিত তালিকা যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরণ করতে হবে, অন্যথায় যেকোন ভুলের কারনে শিক্ষার্থী ভর্তি বাতিল হলে বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

এছাড়া প্রতিষ্ঠানে শূণ্য আসনে শিক্ষার্থী ভর্তির জন্য ০৮-১০-২০২৩খ্রি. থেকে ১০.১০.২০২৩খ্রি. পুনরায় আবেদনের সুযোগ প্রদান করা হবে। নতুন আবেদনকৃত ও ওয়েটিং লিস্টের শিক্ষার্থীদের তৃতীয় পর্যায়ের ফলাফল ১৩-১০-২০২৩খ্রি. প্রকাশ করা হবে এবং এর পূর্বে ইতোমধ্যে নির্বাচিত শিক্ষার্থীদের মাইগ্রেশনের (প্রযোজ্য ক্ষেত্রে) ফলাফল প্রকাশ করা হবে।

**সংযুক্তি:** ভর্তি ফরম-০১ (এক) পৃষ্ঠা।

২১-৯-২৩

**(প্রকৌশলী মো: রকিব উল্লাহ)**
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

C:\Users\Majba\Desktop\Letter_Instirute_2023.doc

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.৯৫(১০) তারিখ: ২১/০৯/২০২৩খ্রি.

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।

০২। মহাপরিচালক,কারিগরি শিক্ষা অধিদপ্তর/কৃষি অধিদপ্তর/প্রাণি সম্পদ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/বন অধিদপ্তর/বিএমইটি,ঢাকা।
(বহুল প্রচার ও শিক্ষার্থীদের সুবিধার্থে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৩। উপ সচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।

০৪-০৭। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৮। অধ্যক্ষ, সকল সরকারি ডিপ্লোমা/সমমান পর্যায়ের প্রতিষ্ঠান।

০৯। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

১০। নথি।

২১.০৯.২৩

**(প্রকৌ. মোঃ ফারুক রেজা)**
কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোক:)
ভর্তি শাখার দায়িত্বপ্রাপ্ত
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।